অপ্রতীমের মায়ের সামনে কী বলব, জানি না: এমপি মনিরুল



এমপি মনিরুল ইসলাম। ছবি: সংগৃহীত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. নাহিদা বেগমের ১৩ বছর বয়সী ছেলে অপ্রতীমের হত্যাকাণ্ডে গভীর ক্ষোভ ও উদ্বেগ জানিয়েছেন কুমিল্লা-৬ আসনের সংসদ সদস্য মনিরুল হক চৌধুরী। তিনি বলেন, এমন অমানবিক ঘটনা এই সময়ে ঘটতে পারে, তা বিশ্বাস করা কঠিন। এ ঘটনার কোনো জবাব নেই বলেও মন্তব্য করেন তিনি।

শনিবার (১৯ সেপ্টেম্বর) কুবি ক্যাম্পাসের কাছের লালমাই সানন্দা পাহাড় এলাকার জঙ্গল থেকে অপ্রতীমের মরদেহ উদ্ধারের পর ঘটনাস্থলে যান এমপি মনিরুল হক চৌধুরী।

সেখানে তিনি বলেন, অপ্রতীমের মায়ের সামনে গিয়ে কী বলবেন, তা তিনি জানেন না। দ্রুত হত্যার সঙ্গে জড়িত ব্যক্তিকে শনাক্ত করে গ্রেপ্তার এবং আইনের আওতায় আনার দাবি জানান তিনি।

মনিরুল হক চৌধুরী আরও বলেন, দেশের ইতিহাসে ঘটে যাওয়া লজ্জাজনক ঘটনাগুলোর মধ্যে এটিও একটি। এমন ঘটনায় সমাজের সবার বিবেক জাগ্রত হওয়া প্রয়োজন। আগামী তিন মাসের মধ্যে এই হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত করতে উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রীর প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও কঠোর হতে হবে। এ ধরনের পরিস্থিতি কোনোভাবেই চলতে দেওয়া যায় না। বিশেষ করে কিশোরদের নিরাপত্তার দিকে নজর দেওয়ার প্রয়োজন রয়েছে। তা না হলে ভবিষ্যতে দেশকে এগিয়ে নেওয়া কঠিন হয়ে পড়বে বলেও মন্তব্য করেন তিনি।